‘ইরান থেকে তেল কেনা বন্ধ করেনি দক্ষিণ কোরিয়া’

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা : মার্কিন নিষেধাজ্ঞা মেনে নিয়ে দক্ষিণ কোরিয়া ইরানের কাছ থেকে তেল কেনা বন্ধ করে দিয়েছে বলে পশ্চিমা গণমাধ্যমগুলো যে দাবি করেছিল তা অস্বীকার করেছে সিউল। তেহরানস্থ দক্ষিণ কোরিয়ার দূতাবাস গতকাল (শনিবার) এক টুইটার বার্তায় বলেছে, দেশটি ইরান থেকে তেল আমদানি বন্ধ করেনি।

সম্প্রতি বার্তা সংস্থা রয়টার্স ও ব্রিটিশ সংবাদ সংস্থা বিবিসি দাবি করেছিল, দক্ষিণ কোরিয়া গত ছয় বছরের মধ্যে প্রথমবারের মতো ইরান থেকে তেল কেনা বন্ধ করে দিয়েছে। খবরে দাবি করা হয়, দক্ষিণ কোরিয়া চলতি জুলাই মাসে আমদানির জন্য ইরান থেকে কোনো তেল বা তেলজাত পণ্য ট্যাংকারে উঠাবে না।

মার্কিন সরকার গত মে মাসে ইরানের পরমাণু সমঝোতা থেকে একতরফাভাবে বেরিয়ে যাওয়ার পর ইরানের কাছ থেকে তেল আমদানি পুরোপুরি বন্ধ করে দিতে বিশ্বের দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছে। তবে ইরানের তেল ক্রয়কারী বহু দেশ এরইমধ্যে জানিয়ে দিয়েছে, তারা আমেরিকার এ নিষেধাজ্ঞা মানবে না।

ইরানের তেলমন্ত্রী বিজান নামদার জাঙ্গানে গতকাল (শনিবার) বলেছেন, তার দেশের তেল উৎপাদন ও রপ্তানির পরিমাণ আগের মতোই অব্যাহত রয়েছে। আমেরিকার নিষেধাজ্ঞা ব্যর্থ করে দেয়ার জন্য ইরান প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়ন শুরু করেছে বলে মন্ত্রী জানান।

নিউজবিডি৭১/এম কে/ জুলাই ৮, ২০১৮